# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - বাইবেল পরিচিতি

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ১. ১. ৩. গ্রিক বনাম হিব্রু

আমরা দেখছি যে, ইহুদি ও খ্রিষ্টধর্মের ধর্মগ্রন্থটার নাম মূলত গ্রিক ভাষা থেকে গৃহীত এবং ল্যাটিন ভাষায় পরিমার্জিত হয়ে 'পবিত্র বাইবেল' নামে পরিচিত। পরবর্তী আলোচনা থেকে আমরা দেখব যে, এ গ্রন্থটা মূলত হিব্রু ভাষায় রচিত ও প্রচারিত। অনেক শতাব্দী পরে গ্রন্থটা গ্রিক ভাষায় অনুবাদ করা হয়। আমরা জানি, প্রতিটা গ্রন্থেরই তার নিজস্ব ভাষায় নাম থাকে। পরবর্তীতে বিভিন্ন ভাষায় অনুবাদ হলেও গ্রন্থটার মূল নাম (proper noun) অবিকৃত ও অভিন্নই থাকে। তাহলে 'বাইবেল' নামক এ বইটার হিব্রু ভাষায় নাম কী ছিল? বইটার সংকলক ও প্রচারকরা কি হিব্রু ভাষায় বইটার কোনো নাম দেননি? দিলে তা কী ছিল এবং কেনই বা তা পরিবর্তন করে গ্রিক ভাষায় নামকরণ করা হল? প্রশ্নগুলোর উত্তর সুস্পষ্ট নয়। পরবর্তী আলোচনায় আমরা দেখব যে, বাইবেলের মধ্যে বিদ্যমান গ্রন্থগুলোর প্রত্যেকটার ভিন্ন ভিন্ন হিব্রু নাম রয়েছে। সংকলিত গ্রন্থমালারও হিব্রু নাম আছে। তবে গ্রিক ভাষার বাইবেল শব্দটাই নাম হিসেবে প্রসিদ্ধি লাভ করেছে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13817

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন